# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১০৭৩

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৩. তৃতীয় অনুচ্ছেদ - জামা‘আত ও তার ফযীলত সম্পর্কে

### আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «لَوْلَا مَا فِي الْبُيُوتِ مِنَ النِّسَاءِ وَالذُّرِّيَّةِ أَقَمْتُ صَلَاةَ الْعِشَاءِ وَأَمَرْتُ فِتْيَانِي يُحْرِقُونَ مَا فِي الْبُيُوتِ بِالنَّارِ» . رَوَاهُ أَحْمد

### বাংলা

১০৭৩-[২২] আবূ হুরায়রাহ্ (রাঃ) থেকে বর্ণিত। মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেনঃ যদি ঘরে নারী ও শিশুরা না থাকত তবে আমি ’ইশার সালাতের জামা’আত আদায় করতাম এবং আমার যুবকদেরকে (জামা’আত ত্যাগকারী) মানুষদের ঘরবাড়ী পুড়িয়ে দেয়ার নির্দেশ দিতাম। (আহমাদ)[1]

### ফুটনোট

[1] য‘ঈফ : আহমাদ ৮৭৯৬, য‘ঈফ আত্ তারগীব ২২৫। কারণ এর সানাদে আবূ মা‘মার একজন দুর্বল রাবী।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: (لَوْلَا مَا فِي الْبُيُوْتِ مِنَ النِّسَاءِ وَالذُّرِّيَّةِ) ‘‘ঘরে যদি মহিলা ও শিশু না থাকত’’ অত্র হাদীসে সালাতের জামা‘আতের উপস্থিত না হয়ে যারা নিজ বাড়ীতে অবস্থান করে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদের বাড়ী জ্বালিয়ে দেয়ার ইচ্ছা ব্যক্ত করা সত্ত্বেও তা থেকে বিরত থাকার কারণ বর্ণিত হয়েছে। আর তা হলো নারী ও শিশু। যেহেতু নারীদের সালাতের জামা‘আতে উপস্থিত হওয়া আবশ্যক নয় এবং শিশুদের ওপর সালাত (সালাত/নামায/নামাজ) ফরয নয়। ফলে তারা বাড়ীতেই অবস্থান করে। তাই তাদের কারণে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম স্বীয় ইচ্ছা থেকে বিরত থাকলেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55633

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন